

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.২৬৮.২১-১২১৬

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮
২১ সেপ্টেম্বর ২০২১


বিষয়: রিট পিটিশন নং ৬৩২০/২০২১-এর আরজির আলোকে দফাওয়ারি জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর হাইকোর্ট বিভাগ-এর সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ২৩/০৮/২০২১ তারিখে প্রেরিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার কান্দি ইউনিয়ন পরিষদের ১ নং ওয়ার্ডের সদস্য জনাব নুর আলম সিকদার-কে স্থায়ীপদ হতে সাময়িক বরখাস্ত করার নিমিত্ত ১১/০৭/২০২১ তারিখের ৫৩৪ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে তর্কিত বিষয়ে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৬৩২০/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব (Statements of defence) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্ত জরুরিভিত্তিতে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।



২১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ


ইমেইল: lgdlaw1@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.২৬৮.২১-১২১৬/১(৪)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮
২১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



২১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব